

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
“পল্লীভবন”

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪০৮.১৯.০৭১.১৯ (২) ৮৮৭৭

তারিখ: ২০ অক্টোবর/২০১৯ খ্রি।

বিষয়: ২০১৯-২০ অর্থবছরে প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশনের লক্ষ্যে তথ্য সরবরাহ।

দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) সরকারের সর্ববৃহৎ সেবামূলক প্রতিষ্ঠান। সৃষ্টির পর থেকে এ প্রতিষ্ঠানটি অত্যন্ত সফলতার সাথে দায়িত্ব পালন করে যাচ্ছে। প্রতিবছর বিআরডিবি'র কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। উক্ত প্রতিবেদনে বিভিন্ন কার্যক্রমের সামগ্রিক চিত্র তুলে ধরা হয়। ফলে বিআরডিবি সম্পর্কে আগ্রহী ব্যক্তিবর্গ অতি সহজেই বিভিন্ন তথ্য পেয়ে থাকেন। অপরদিকে বিআরডিবি'র সুফলভোগী এবং বিভিন্ন পর্যায়ে দায়িত্বপালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ উৎসাহিত হয়ে থাকেন। তবে অনেক ক্ষেত্রেই প্রচারযোগ্য কার্যক্রম, অর্জন, সফলতার তথ্য/প্রতিবেদন ও ছবি যথাসময়ে ও সঠিক ভাবে না পাওয়ায় তা বার্ষিক প্রতিবেদনে সংযোজন করা সম্ভব হয় না। আবার কোনো কোনো ক্ষেত্রে প্রেরিত ছবি খুবই নিম্ন মানের হওয়ায় এবং প্রয়োজনীয় তথ্য উপাত্ত না থাকার কারণে প্রচারযোগ্য কোন কোন কার্যক্রম অন্তরালেই থেকে যায়, যা অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানের কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলে। তাই এসকল ক্ষেত্রে আরো একটু মনোযোগী হওয়া আবশ্যিক।

২। চলতি ২০১৯-২০২০ অর্থবছর শেষে ৩ মাসের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নেয়া হচ্ছে। এ লক্ষ্যে এখন থেকে আপনার জেলায় কোনো সুফলভোগীর ব্যতিক্রমধর্মী কার্যক্রম থাকলে বাছাইপূর্বক প্রতি জেলা হতে কমপক্ষে ২টি কাহিনী/প্রতিবেদন ছবিসহ সুফলভোগীর নাম, সমিতি/দলের নাম, উপজেলা, জেলা ও প্রকল্প/কর্মসূচির নাম উল্লেখপূর্বক প্রেরণের ব্যবস্থা নিবেন। জেলা ও উপজেলা পর্যায়ে প্রকল্প/কর্মসূচির ইতিবাচক সংবাদ ও সফলতার প্রতিবেদন পত্রিকা বা কোন গণমাধ্যমে প্রকাশ হয়ে থাকলে ছবিসহ তার কপি প্রেরণ করা যেতে পারে। বিআরডিবি'র প্রশিক্ষণ বা অন্যকোন অনুষ্ঠান/কর্মসূচিতে বিশিষ্ট ব্যক্তিবর্গ (মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, এমপি, উপজেলা চেয়ারম্যান, উদ্ধর্তন কর্তৃপক্ষ ইত্যাদি) উপস্থিত থাকলে তাঁর ছবি বিবরণীসহ প্রেরণ করা যেতে পারে।


৩। ছবির নিচে তারিখ উল্লেখপূর্বক বিবরণী (ক্যাপশন) দিতে হবে এবং পিছনে বিস্তারিত ঠিকানা সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও নামসহ সিল দিতে হবে।

৪। সকল প্রতিবেদন প্রমিত বাংলা ও ইংরেজিতে আলাদা আলাদা ভাবে প্রেরণ করতে হবে। গতানুগতিক ও ইতঃপূর্বে প্রেরিত প্রতিবেদন প্রেরণ না করা এবং ভাষা ও তথ্যের বিষয়ে উপপরিচালকগণের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করা হলো।

৫। এছাড়া যদি এমন কোন তথ্য থাকে যা বার্ষিক প্রতিবেদনে সংযোজন উপযোগী অথচ পত্রে উল্লেখ নাই তা পৃথক ভাবে প্রেরণ করা যেতে পারে।

৬। উল্লেখ্য, প্রস্তুতকৃত প্রতিবেদনে সংযুক্ত ছবি jpg ফরমেটে সফটকপি [ddevalu@brdb.gov.bd](mailto:ddevalu@brdb.gov.bd) এই e-mail address এ এবং হার্ড কপি উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন) বিআরডিবি ঢাকা, প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এ অবস্থায় বিআরডিবি'র ২০১৯-২০২০ অর্থবছরের প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদন তথ্যসমৃদ্ধ ও যুগোপযোগী আকারে যথাসময়ে প্রকাশের লক্ষ্যে তাঁর আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা যাচ্ছে।

  
২০ অক্টোবর ২০১৯  
মোঃ ইসমাইল হোসেন  
যুগ্মসচিব  
পরিচালক, পরিকল্পনা (অঃদাঃ)

উপপরিচালক

জেলাদপ্তর (সকল), বিআরডিবি।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪০৮.১৯.০৭১.১৯ (২) ৮৮৭৭


তারিখ: ২০ অক্টোবর/২০১৯ খ্রি।

সদয় অবগতি ও কার্যার্থে

১। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইডে প্রকাশের জন্য)।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি।

  
২০ অক্টোবর ২০১৯  
মোঃ সাজেদুল ইসলাম  
উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)